

🗏 আল-ফুরকান | Al-Furgan | ٱلْفُرْقَان

আয়াতঃ ২৫: ১১

💵 আরবি মূল আয়াত:

بَل كَذَّبُوا بِالسَّاعَةِ وَ اَعتَدنَا لِمَن كَذَّبَ بِالسَّاعَةِ سَعِيرًا ﴿١١﴾

🗚 অনুবাদসমূহ:

বরং তারা কিয়ামতকে অস্বীকার করেছে আর কিয়ামতকে যে অস্বীকার করে তার জন্য আমি প্রস্তুত রেখেছি জ্বলন্ত আগুন। — আল-বায়ান

আসলে তারা কিয়ামাতকে অস্বীকার করে, আর যারা কিয়ামাতকে অস্বীকার করে, তাদের জন্য আমি প্রস্তুত করে রেখেছি জ্বলম্ভ আগুন। — তাইসিক্রল

বরং তারা কিয়ামাতকে অস্বীকার করেছে এবং যারা কিয়ামাতকে অস্বীকার করে তাদের জন্য আমি প্রস্তুত রেখেছি জ্বলন্ত আগুন। — মুজিবুর রহমান

But they have denied the Hour, and We have prepared for those who deny the Hour a Blaze. — Sahih International

- ১১. বরং তারা কিয়ামতের উপর(১) মিথ্যারোপ করেছে। আর যে কিয়ামতে মিথ্যারোপ করে তার জন্য আমরা প্রস্তুত রেখেছি জুলন্ত আগুন।
 - (১) الساعة দারা কিয়ামত বুঝানো হয়েছে। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

- (১১) বরং ওরা কিয়ামতকে মিথ্যা মনে করে।[1] আর যারা কিয়ামতকে মিথ্যা মনে করে, তাদের জন্য আমি জ্বলন্ত জাহান্নাম প্রস্তুত রেখেছি।
 - [1] কিয়ামতকে মিথ্যাজ্ঞান করা রিসালাতকেও মিথ্যাজ্ঞান করার কারণ।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2866

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন